

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১. ৫৩

তারিখ : ১৮ মাঘ ১৪২৮ / ০১ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **হজে গমনেচ্ছু ব্যক্তিদের নিবন্ধন কার্যক্রম বিষয়ে প্রতারণা থেকে সতর্ক থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে হজে গমনেচ্ছুদের প্রাক-নিবন্ধন (Pre-Registration) কার্যক্রম সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় চালু রয়েছে। চলমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে নিবন্ধন (Registration) কার্যক্রম এখনো শুরু হয়নি। কতিপয় অসাধু ব্যক্তি প্রতারণার আশ্রয় নিয়ে সহজ-সরল ধর্মপ্রাণ মুসলমানগণকে হজে পাঠানোর মিথ্যা আশ্বাস দিয়ে অর্থ হাতিয়ে নিচ্ছে মর্মে জানা যায়। এ ধরনের প্রতারকদের নিকট হতে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো। এ ধরনের লেনদেনের জন্য কোন ব্যক্তি ফোন করলে বা প্রস্তাব দিলে বিষয়টি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মোবাইল নম্বর ০১৭ ২০ ২০ ৯৫ ৯৯) সহ নিকটস্থ থানাকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো। উল্লেখ্য, হজ কার্যক্রম শুরু হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে বিষয়টি সর্বসাধারণকে যথাসময়ে অবহিত করা হবে।

০১.০২.২০২২

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮-০২-৯৫৪৬৫৯০
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১৬
ইমেইল: hajj.sec1@mora.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়..... (সকল)
৭. ডিআইজি, ...রেঞ্জ (সকল)
৮. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৯. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১০. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়,..... জেলা (সকল)
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১২. পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ... জেলা (সকল)
১৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়..... (সকল)
১৫. সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)
১৭. বিভাগীয় পরিচালক/উপপরিচালক, বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়....., ইসলামিক ফাউন্ডেশন (সকল)
১৮. ব্যবস্থাপনা পরিচালক, ... ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় (হজ কার্যক্রমে সম্পৃক্ত অনুমোদিত সকল ব্যাংক)
১৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা

Scanned with CamScanner